হে আল্লাহর রসূল! আল্লাহ্ হক কথা প্রকাশ করতে লজ্জাবোধ করেন না। মহিলাদের স্বপ্নদোষ হলে কি গোসল করতে হবে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘হ্যাঁ, যখন সে বীর্য দেখতে পাবে।

উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি বলেন, “আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আবু তালহার স্ত্রী উম্মু সুলায়ম এসে বললেন,
হে আল্লাহর রসূল! আল্লাহ্ হক কথা প্রকাশ করতে লজ্জাবোধ করেন না। মহিলাদের
স্বপ্নদোষ হলে কি গোসল করতে হবে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,
‘হ্যাঁ, যখন সে বীর্য দেখতে পাবে”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

উম্মু সুলাইম আল-আনসারী রাদিয়িাল্লাহু আনহা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিজ্ঞাসা করার জন্য আসলেন। যেহেতু প্রশ্নটি লজ্জাস্থানের সাথে সম্পৃক্ত যে বিষয়ে প্রশ্ন করতে সাধারণত মানুষ লজ্জাবোধ করে তাই তিনি প্রশ্নটি উত্থাপন করার পূর্বে একটি ভুমিকা পেশ করেন যাতে শ্রোতাদের জন্য তার অবস্থান গোপন থাকে। তাই তিনি বললেন, হে আল্লাহর রসূল! আল্লাহ্ হক। তিনি হক প্রকাশ করা থেকে নিবৃত হন না, যদি তার মধ্যে কল্যাণ থাকে, যা উল্লেখ করতে সাধারণত লজ্জাবোধ করা হয়, যখন উম্মে সুলাইম এ ভুমিকা তুলে ধরলেন যার কারণে তার জিজ্ঞাসা করা সহজ হলো এবং আলোচ্য বিষয়ে গভীরে প্রবেশ করে বললেন, যখন কোন মহিলা ঘুমের ঘোরে দেখে যে সে সহবাস করছে তখন তার ওপর গোসল করা ওয়াজিব হবে কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ‘হ্যাঁ, তার ওপর গোসল করা ওয়াজিব। যখন সে বীর্য / যৌনপানি নির্গত হওয়া দেখতে পাবে।’

http://sunnah.global/hadeeth/bn/show/3351